

## 49658 - রোযা রেখে কি কফির স্বাদ যাচাই করা যাবে

### প্রশ্ন

আমি একটি কফি প্রস্তুতকারক কোম্পানীতে চাকুরী করি। অনেক সময় আমরা কফির স্বাদ ও ঘ্রাণ যাচাই করার জন্য কফি চেখে দেখি। আমি জানি যে, রোযা রেখে চেখে দেখা জায়েয আছে; যদি খাবার ভিতরে না যাওয়া নিশ্চিত করা যায়। যখন আমি কফি চেখে দেখি তখন অতি সাবধানতা অবলম্বন করি; যাতে সামান্য পরিমাণও গিলে না ফেলি। কিন্তু চেখে দেখার কারণে মুখের মধ্যে কফির স্বাদ ও ঘ্রাণ থেকে যায়। রোযা রেখে এভাবে চেখে দেখলে কি রোযা নষ্ট হবে?

### প্রিয় উত্তর

যদি কোন রোযাদারের খাবার চেখে দেখার প্রয়োজন পড়ে তাহলে এতে কোন অসুবিধা নেই। এতে রোযার কোন ক্ষতি হবে না; যদি খাদ্যের কোন অংশ পেটের ভিতরে ঢুকে না যায়। এক্ষেত্রে কফি বা অন্য কোন খাবার সবই সমান। যদি প্রয়োজন ছাড়া খাবার চেখে দেখা মাকরুহ; তবে এতে করে রোযা নষ্ট হবে না।

ইবনে আব্বাস (রাঃ) বলেন: পাতিলের খাবার বা কোন কিছু চেখে দেখতে কোন অসুবিধা নেই। [বুখারীতে তালীক হিসেবে এসেছে]

ইমাম আহমাদ বলেন: খাবার চেখে দেখা বর্জন করাটাই আমার নিকট পছন্দনীয়। তবে যদি চেখে দেখে তাতে রোযার কোন ক্ষতি হবে না। [আল-মুগনি (৪/৩৫৯)]

ইবনে তাইমিয়া 'ফাতাওয়া কুবরা' (৪/৪৭৪) গ্রন্থে বলেন: প্রয়োজন ছাড়া খাবার চেখে দেখা মাকরুহ; তবে এতে রোযা ভঙ্গ হবে না। [সমাপ্ত]

শাইখ উছাইমীনকে প্রশ্ন করা হয়েছিল (ফাতাওয়াস সিয়াম, পৃষ্ঠা- ৩৫৬): খাবার চেখে দেয়ার কারণে কি রোযা বাতিল হবে? উত্তরে তিনি বলেন: যদি খাবার গিলে না ফেলে তাতে রোযা ভঙ্গ হবে না। কিন্তু প্রয়োজন ছাড়া এটি করা যাবে না। এমতাবস্থায় যদি অনিচ্ছাকৃতভাবে কিছু খাবার পেটে ঢুকে যায় এতে করে আপনার রোযা ভঙ্গ হবে না। [সমাপ্ত]

স্থায়ী কমিটির ফতোয়াসমগ্রতে (১০/৩৩২) এসেছে-

প্রয়োজন হলে রমযানের দিনের বেলায় খাবার চেখে দেখতে কোন অসুবিধা নেই। ইচ্ছাকৃতভাবে কোন কিছু গিলে না ফেললে রোযা শুদ্ধ হবে। [সমাপ্ত] ইচ্ছাকৃতভাবে গিলে না ফেললে কেবল খাবারের ঘ্রাণ বা স্বাদ মুখে থেকে যাওয়ার কারণে রোযার উপর কোন প্রভাব পড়বে না। ইবনে সিরিন বলেন: কাঁচা মিসওয়াক ব্যবহার করতে কোন অসুবিধা নেই অর্থাৎ রোযাদারের জন্য। জিজ্ঞেস করা হলো- কাঁচা মিসওয়াকের তো বিশেষ একটা স্বাদ আছে। তিনি বলেন: পানিরও তো একটা স্বাদ আছে। আপনি তো পানি দিয়ে কুলি করে থাকেন।

শাইখ ইবনে উছাইমীনকে জিজ্ঞেস করা হয়েছিল (৩/২৬১):

খেজুর, রুগটি, বোল ইত্যাদি কোন খাবার প্রয়োজন ছাড়া চেখে দেখা মাকরুহ। প্রয়োজন থাকলে অসুবিধা নেই। এর কারণ হচ্ছে- খাবারের কিছু অংশ পেটে চলে যেতে পারে; হয়তবা ব্যক্তি নিজেও উপলব্ধি করতে পারবে না। এভাবে এ খাবার চেখে দেখা তার রোযাকে নষ্ট হওয়ার সম্মুখীন করে দিতে পারে। অন্যদিকে খাবারটি অতি সুস্বাদু হলে মজা নেয়ার জন্য আবার চেখে দেখতে পারে, হতে পারে খুব জোরে টান দিতে গিয়ে খাবারের কিছু অংশ পেটের ভিতরে চলে যাবে।

প্রয়োজনের স্বরূপ- যেমন কেউ যদি বাবুর্চি হন; যাকে খাবারের লবণ বা স্বাদ যাচাই করতে হয়; এ জাতীয় কোন প্রয়োজন। সমাপ্ত

উপরোক্ত আলোচনার ভিত্তিতে বলা যায় যে, রোযা রেখে আপনি কফি চেখে দেখতে কোন অসুবিধা নেই। কারণ এর প্রয়োজন রয়েছে। যাতে এর কোন অংশ গলার ভিতরে চলে না যায় সে ব্যাপারে আপনাকে সাবধান থাকতে হবে।

আল্লাহই ভাল জানেন।